



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/২৩১/নতুন/ঢাকা/ ৪০৩২

তারিখ : ০২/১১/২০২০

বিষয় : ব্যাখ্যা প্রদান প্রসঙ্গে।

- সূত্র : (১) বোর্ডের ২৭/০৭/২০১০ তারিখের ৩৯২২ নং পত্র।  
(২) বোর্ডের ০৩/০৭/২০১১ তারিখের ২০৫৩ নং পত্র।  
(৩) বোর্ডের ২৩/০৯/২০১৪ তারিখের ২০২০ নং পত্র।  
(৪) বোর্ডের ১৭/০১/২০১৫ তারিখের ৩৩১৫ নং পত্র।  
(৫) তার ১১/০৩/২০২০ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, বিদ্যালয়টি ০১/০১/২০১০ তারিখ হতে ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত। উক্ত অনুমতিপত্রের ৩নং শর্ত অনুযায়ী ১ (এক) মাসের মধ্যে নির্বাহী কমিটি গঠন করা হয়নি। পরবর্তীতে ৩১/১২/২০১২ তারিখে নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদান মেয়াদ শেষে নিম্ন মাধ্যমিক একাডেমিক স্বীকৃতি গ্রহণ বা এ বিষয়ে কোন পদক্ষেপও গ্রহণ করা হয়নি।

এমতাবস্থায়, নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি গ্রহণ না করে শিক্ষা কার্যক্রম এবং কমিটিবিহীন বিদ্যালয় পরিচালনা করায় কেন নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতিপত্র প্রত্যাহার করা হবে না- মর্মে পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে সুস্পষ্ট ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশ দেয়া হলো।

প্রাপক : প্রধান শিক্ষক

আলহাজ্ব মধুবেপারী নিম্ন মাধ্যমিক বিদ্যালয়  
সেকশন- ১০, মিরপুর, ঢাকা।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

মেমো নং- ৪০৩২ (৬)

তারিখ : ০২/১১/২০২০

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

০৪/১১/২০২০